



Beats of My Heart

লাভেলোর ১২ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ১১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম), ২০ই ডিসেম্বর ২০২২, মঙ্গলবার সকাল ১১.৩০ মিনিটে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান দাঁতিন শামীমা নাগিস হক। উক্ত সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক দাঁতো ইঞ্জিনিয়ার মো: একরামুল হক পরিচালক মন্ডলীর বিবরণী উপস্থাপন করেন এবং কোম্পানির গুরুত্বপূর্ণ বিষয় ও ভবিষ্যৎকর্ম পরিকল্পনা সম্পর্কে শেয়ারহোল্ডারদের অবহিত করেন। শেয়ারহোল্ডারগণ ভার্সুয়ালি অংশ নিয়ে ২০২১-২০২২ হিসাব বছরের জন্য সুপারিশকৃত ১২ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন করেন। এছাড়া আইপিও থেকে প্রাপ্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রসপেক্টাসে উল্লেখিত প্রস্তাব সংশোধন ও ব্যয়ের সময়সীমা বৃদ্ধি সহ অন্যান্য আলোচ্য এজেন্ডা অনুমোদন করেন।

এজিএমে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক মুহসীনিনা তাওফিকা একরাম, মুহসীনিনা সারিকা একরাম, কোম্পানি সচিব এ.কে.এম জাকারিয়া হোসেন এফসিএমএ, সিএফও মুশতাক আহমদ এবং ইন্টার্নাল অডিটের প্রধান মো: দিদারুল আলম এফসিএমএ।